

04

কৃষি বিশ্ববিদ্যালয়ে  
ছাত্রলীগের দুই গ্রুপে  
সংঘর্ষের আশংকা

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥  
কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের  
(শা-পা) আভাস্তরীণ কোন্ডলের  
জের হিসাবে সংঘর্ষের আশংকা দেখা  
দিয়েছে। গত ১২ দিন যাবৎ ছাত্র-  
(১১শ পৃ: ২-এর ক: স্র:)

কৃষি বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

লীগের বিবাদমান দুই গ্রুপের এক গ্রুপ  
সোহরাওয়ার্দী হল অন্য গ্রুপ সামুচল  
হক হলে সশস্ত্র অবস্থায় অবস্থান করি-  
তেছে। মাঝে মাঝে কক্ষ ভাংচুর,  
কক্ষ দখল, মারপিট ও গোলাগুলি  
হয়। শিক্ষকবৃন্দ ও ময়মনসিংহ  
জেলার আওয়ামী লীগ নেতৃবৃন্দ পৃথক-  
ভাবে উভয় গ্রুপের সহিত একাধিক-  
বার বৈঠক করিয়াও সমঝোতায়  
আসিতে পারেন নাই। বিশ্ববিদ্যালয়  
কর্তৃপক্ষ এব্যাপারে ৫ সদস্যের উচ্চ  
ক্ষমতা সম্পন্ন একটি তদন্ত কমিটি  
গঠন করিয়াছে।

ছাত্র লীগের একটি গ্রুপ জানায়,  
ঢাকা হইতে ছাত্রলীগের কেন্দ্রীয়  
নেতৃবৃন্দ আসিলে সমস্যা সমাধান  
হইবে এবং নেতৃবৃন্দ না আসিলে সংঘর্ষ  
অনিবার্য। ছাত্রলীগের সাধারণ সম্পা-  
দক মেজবাহুজ্জামান চন্দন চোখে  
গুলিবিদ্ধ অবস্থায় ঢাকার সোহরা-  
ওয়ার্দী হাসপাতালে ভর্তি আছেন।